



**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours PART-II Examinations, 2016

বাংলা - সামানিক

চতুর্থ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

দক্ষিণ প্রাচীক সীমার সংখ্যাটি প্রশ্নের পূর্ণ মানের নির্দেশক। প্রশ্নে একাধিক অংশ থাকলে  
প্রত্যেক অংশ আলাদা অনুচ্ছেদে লিখতে হবে।

১. ঐতিহাসিক নাটকের সংজ্ঞা লেখো। এর সাধারণ লক্ষণগুলির পরিচয় দাও। একটি সার্থক বাংলা ৮+৬+১০  
ঐতিহাসিক নাটক সম্পর্কে আলোচনা করো।

অথবা

যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো:  
(ক) কমেডি (খ) সাংকেতিক নাটক (গ) মেলোড্রামা (ঘ) অ্যাবসার্ড নাটক। ১০+১০

২. কার উদ্যোগে, কবে, কোথায় ‘বেঙ্গলী থিয়েটার’ স্থাপিত হয়েছিল? এই থিয়েটারে নাট্যাভিনয়ের ৩+১২+৫  
ইতিহাস সংক্ষেপে বিবৃত করো। বাংলা রচনাগুলির ধারায় এর গুরুত্ব আলোচনা করো।

অথবা

যে-কোন দুটি বিষয়ে আলোচনা করো:  
(ক) নবীন চন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার  
(খ) জোড়াসাঁকো নাট্যশালা  
(গ) ন্যাশনাল থিয়েটার (১ম পর্ব)  
(ঘ) বেলগাছিয়া নাট্যশালা। ১০+১০

৩. “‘একেই কি বলে সভ্যতা?’- এই নামকরণের অঙ্গরালে রয়েছে প্রহসনকারের তীব্র সমাজ ১০  
চেতনাবোধ।” - আলোচনা করো।

অথবা

	‘একেই কি বলে সভ্যতা?’ প্রহসনে সংলাপ রচনায় মধুসূদনের নৈপুণ্য বিচার করো।	১০
৮.	‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনে নাট্যকারের অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গীর যে প্রকাশ দেখা যায়, তা আলোচনা করো।	১০
	অথবা	
	‘বুড় সালিকের ঘাড়ে রোঁ’ প্রহসনের ভক্তপ্রসাদ চরিত্রটির স্বরূপ নির্ধারণ করো।	১০
৫.	“যন্ত্র ও জীবনের সংঘাতই ‘মুক্তধারা’ নাটকের মুখ্য প্রাণবন্ত। এই দুই শক্তির রূপায়ন হইয়াছে বিভূতি ও অভিজিৎ চরিত্রে।”- মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।	১৫
	অথবা	
	‘মুক্তধারা’ নাটকের গানগুলির নাট্যোপযোগিতা বিচার করো।	১৫
৬.	‘টিনের তলোয়ার’ নাটকে রয়েছে উনিশ শতকের বাংলা রঙ্গমঞ্চের ঐতিহাসিক প্রেক্ষাপটে সে-যুগের আর্থ-সামাজিক পরিমণ্ডল--আলোচনা করো।	১৫
	অথবা	
	‘টিনের তলোয়ার’ নাটকের ময়না চরিত্রটির গুরুত্ব নির্ণয় করো।	১৫
৭.	“আমি কেউ না! যে আমার সব ছিল তাকে এই পথ দিয়ে নিয়ে গেল। এ পথের শেষ কি নেই?”- উক্তিটি কে, কোন্ প্রসঙ্গে করেছেন? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।	২+৩
	অথবা	
	“ওদের যতই মাতিয়ে তুলেছি ততই পাকিয়ে তোলা হয়নি আর কি।” বক্তা কে? প্রসঙ্গ উল্লেখ করে বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।	১+৪
৮.	‘টিনের তলোয়ার’ নাটকের প্রথমেই কোন্ নাট্যগোষ্ঠীর পোস্টার সাঁটা হচ্ছে? কার লেখা, কোন্ নাটকের বিজ্ঞাপন? কে পোস্টার সাঁটাবার ব্যবস্থা করেছিল? সে কোন্ নামে তার দলের কাছে বিশেষভাবে পরিচিত?	১+২+১+১
	অথবা	
	“.....আজকাল কত অভাগা স্ত্রী আমার মতন এইরূপ যন্ত্রণা ভোগ করে তার সীমা নাই।” বক্তা কে? কোন্ প্রসঙ্গে এই উক্তি? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।	১+১+৩